# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 26 April, 2025

ঝালকাঠির রাজাপুরে ধর্মীয় আবেগকে কাজে লাগিয়ে সরকারি জমি দখলের অপচেষ্টার বিরুদ্ধে জনসাধারণের উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৫ এপ্রিল) বিকেল সাড়ে পাঁচটায় রাজাপুর প্রেসক্লাবের সামনে তৌহিদী জনতার ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন শ্রেণি-পেশার সচেতন নাগরিকরা অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন রাজাপুর থানা মসজিদের সাবেক ইমাম ও খতিব আমিনুল ইসলাম নেছারী, রাজাপুর সরকারি (সাবেক ডিগ্রি) কলেজের জিএস জুয়েল তালুকদার, দৈনিক ঢাকা প্রতিদিনের চিফ রিপোর্টার তানিম আহমেদ, যুবদল নেতা জুবায়ের রাসেল প্রমুখ। মানববন্ধনে বক্তারা বলেন, রাজাপুরের জেলখানার পরিত্যক্ত জমি জনগণের সম্পদ, কোনো ব্যক্তি বা গোষ্ঠীর ব্যক্তিগত সম্পত্তি নয়। এলাকায় ইতিমধ্যে ধর্মীয় উপাসনার জন্য পর্যাপ্ত জায়গা থাকা সত্ত্বেও নতুন করে জমি দখলের উদ্যোগ ন্যক্কারজনক।

বক্তারা অভিযোগ করেন, ধর্মের অনুভূতিকে পুঁজি করে কিছু মহল নিজেদের স্বার্থ হাসিলের অপচেষ্টা চালাচ্ছে, যা সামাজিক সম্প্রীতির জন্য হুমকি।

বক্তারা আরও বলেন, রাজাপুর বরাবরই শান্তিপূর্ণ ও সাম্প্রদায়িক সম্প্রীতির শহর হিসেবে পরিচিত। এখানে ধর্মীয় বিভাজন সৃষ্টি করে অস্থিতিশীলতা তৈরির কোনো ষড়যন্ত্রই বরদাশত

করা হবে না। তারা কঠোর ভাষায় হুঁশিয়ারি দেন, ধর্মীয় অনুভূতির প্রতি যথাযোগ্য সম্মান রেখেই, যে কোনো দখলচেষ্টার বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলা হবে।

এ সময় বক্তারা সকল সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্য বজায় রাখার আহ্বান জানান এবং সমাজ থেকে অসাধু দখলবাজদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানান।

জমি দখল তৌহিদী জনতা মানববন্ধন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:24

URL: https://www.timestodaybd.com/barishal/2258791468